

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর
রাজস্ব শাখা
www.rangpurdiv.gov.bd

বিষয়: সেপ্টেম্বর/২০২৬ মাসে অনুষ্ঠিত রংপুর বিভাগীয় নদী রক্ষা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ শহিদুল ইসলাম এনডিসি
বিভাগীয় কমিশনার
সভার তারিখ : ১৭ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি:
সভার সময় : বেলা-০৩.০০ টা।
স্থান : সভাকক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপিত সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)-কে অনুরোধ জানালে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) বিগত সভার সিদ্ধান্ত পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন বা সংযোজন/বিস্তারিত না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	অবৈধ স্থাপনা ও দখলদার উচ্ছেদ	সি.এস রেকর্ড অনুযায়ী ডিমার্কেশন করে নদীর অবৈধ স্থাপনা ও দখলদার উচ্ছেদ সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। সি.এস রেকর্ড অনুযায়ী সকল নদীর তীরবর্তী অবৈধ দখলদারদের হালনাগাদ তালিকা প্রস্তুতপূর্বক অবৈধ দখলদার উচ্ছেদ অব্যাহত রাখার বিষয়ে এবং উচ্ছেদের নিমিত্ত নোটিশ জারি করা হলে তা নজরদারি করার নির্দেশনা প্রদান করা হয়। রংপুর জেলার সদর উপজেলার মধ্য দিয়ে প্রবাহিত 'আলাইকুড়ি' নদীর সি.এস রেকর্ড অনুযায়ী সীমানা নির্ধারণ করে ২৭ জন অবৈধ দখলদারের তালিকা প্রস্তুতপূর্বক মতামতের জন্য বিজ্ঞ জিপি, রংপুর বরাবর প্রেরণ করা হয়েছে এবং চলতি অর্থবছরে রংপুর জেলার খারুয়াভাজ, বুলাই কাঠগড়ি ও ভাটারছড়া নদীর অবৈধ দখলদার চিহ্নিত ও সীমানা নির্ধারণ করে কাজের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কাজ বাস্তবায়ন করা হবে মর্মে জেলা প্রশাসক, রংপুর জানান। পানি উন্নয়ন বোর্ড, রংপুর জানান যে সদর উপজেলার আলাইকুড়ি নদীর অবৈধ দখলদার উচ্ছেদ জরুরী। রংপুর জেলার আলাইকুড়ি নদীর অবৈধ দখলদারদের জরুরীভিত্তিতে উচ্ছেদ করতে হবে এবং বদরগঞ্জের 'খটখটিয়া' নদীতে বিদ্যমান অবৈধ দখলদার উচ্ছেদের কার্যক্রম অব্যাহত রাখতে হবে মর্মে সভাপতি সভায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া, রংপুর জেলার খারুয়াভাজ, বুলাই, কাঠগড়ি ও ভাটারছড়া নদীর অবৈধ দখলদার চিহ্নিত ও সীমানা নির্ধারণ কার্যক্রম অব্যাহত রাখার জন্যও তিনি নির্দেশনা প্রদান করেন।	ক) সি.এস রেকর্ড অনুযায়ী ডিমার্কেশন করে নদীর অবৈধ দখলদারদের তালিকা প্রস্তুতপূর্বক দখলদার উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) দখলদার উচ্ছেদের নিমিত্ত নোটিশ জারি করা হলে তা নজরদারি করতে হবে। গ) সদর উপজেলার 'আলাইকুড়ি' নদীর অবৈধ দখলদারদের জরুরীভিত্তিতে উচ্ছেদ করতে হবে। ঘ) বদরগঞ্জের 'খটখটিয়া' নদীতে বিদ্যমান অবৈধ দখলদার উচ্ছেদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ঙ) রংপুর জেলার খারুয়াভাজ, বুলাই কাঠগড়ি ও ভাটারছড়া নদীর অবৈধ দখলদার চিহ্নিত ও সীমানা নির্ধারণ কার্যক্রম অব্যাহত করতে হবে।	ক-খ) জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ ও পানি উন্নয়ন বোর্ড, রংপুর। গ-ঙ) জেলা প্রশাসক, রংপুর ও পানি উন্নয়ন বোর্ড, রংপুর।

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		নীলফামারী জেলার ডিমলা উপজেলার 'কুমলাই' নদীর অবৈধ দখলদার উচ্ছেদের নিমিত্ত পানি উন্নয়ন বোর্ড, ডালিয়া কর্তৃক বরাদ্দ পাওয়া গেছে। অবৈধ দখলদারগণ বিজ্ঞ জেলা জজ আদালতে উচ্ছেদের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেছেন। গত ২৯ জানুয়ারি ২০২৬ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। সভাপতি আদালতের আদেশের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। জেলা প্রশাসক, রংপুর জানান যে, রংপুর জেলার সদর উপজেলাধীন শ্যামাসুন্দরী খালের সাথে সংযুক্ত ডেনসমুহের আউটফলের নেটিং স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়া নেটিং চেম্বারের ময়লা অপসারণের জন্য ডাস্টবিন স্থাপনের কাজ চলমান রয়েছে। লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলার দুর্গাপুর ইউনিয়নের পূর্বদীঘলটারী নামক স্থানে দলাইলামা ছড়াটি রক্ষার্থে “দলাইলামা ছড়াটির তীর প্রতিরক্ষা এবং ওয়াকওয়ে নির্মাণ” শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি প্রণয়নের জন্য অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), মহোদয়ের দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১. ২৫.৯৬, তারিখ: ১০/০২/২০২৬ মোতাবেক কারিগরি কমিটি গঠিত হয়েছে। কারিগরি কমিটির প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ডিপিপি প্রণয়ন করা হবে। জেলা নদী রক্ষা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ছড়াটির স্লোপ ও ওয়াকওয়ে নির্মাণ কাজ লালমনিরহাট পানি উন্নয়ন বোর্ড, পুনঃখনন কাজ বরেন্দ্র বহুমুখী কর্তৃপক্ষ, লালমনিরহাট এবং ব্রিজ নির্মাণ কাজ স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট কর্তৃক বাস্তবায়নে ডিপিপি প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে মর্মে জেলা প্রশাসক, লালমনিরহাট সভাকে অবহিত করেন। পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলাধীন ডাহক নদীর সীমানা নির্ধারণপূর্বক পিলার স্থাপনের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি আগামী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়।	চ) আদালতের আদেশ পর্যবেক্ষণ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ছ) শ্যামাসুন্দরী খালের সাথে সংযুক্ত ডেনের মুখে নেটিং চেম্বার স্থাপন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। জ) নেটিং চেম্বারের ময়লা অপসারণের জন্য ডাস্টবিন স্থাপন করতে হবে এবং নেটিং চেম্বারের ময়লা দূত অপসারণ করতে হবে। ঝ) লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলায় অবস্থিত ধরলা নদীর একটি পরিত্যক্ত শাখা দলাইলামা ছড়ার স্লোপ এবং ওয়াকওয়ে নির্মাণের লক্ষ্যে ডিপিপি প্রণয়ন যাতে দূত কার্যকর হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঞ) পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলাধীন ডাহক নদীর সীমানা পিলার স্থাপনের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।	চ) জেলা প্রশাসক, নীলফামারী। ছ-জ) জেলা প্রশাসক, রংপুর; প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, রংপুর। ঝ) জেলা প্রশাসক, লালমনিরহাট ও নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর। ঞ) জেলা প্রশাসক, পঞ্চগড় ও নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর।

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০২	নদী দূষণ বন্ধকরণ	সিটি কর্পোরেশন এর বর্জ্য ব্যবস্থাপনা এবং বিভিন্ন পৌরসভার ময়লা খালে ফেলে খাল ভরাট করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয় এবং খালের পানি নদীতে যেতে কোন প্রতিবন্ধকতা যেন সৃষ্টি না হয়, সেদিকে সজাগ দৃষ্টি রাখার ব্যাপারে আলোচনা করা হয়। নদী দূষণ বন্ধে ময়লা ব্যবস্থাপনা নিয়ে পাইলটিং প্রকল্প গ্রহণ এবং আপডেট তথ্য প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	ক) খাল বা নদীর পানি দূষণ বন্ধে সিটি কর্পোরেশন এবং পৌরসভার ময়লা নির্দিষ্ট স্থানে ফেলতে হবে। খ) নদী দূষণ বন্ধে ময়লা ব্যবস্থাপনা নিয়ে পাইলটিং প্রকল্প গ্রহণপূর্বক আপডেট তথ্য প্রেরণ করতে হবে।	ক-খ) জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর; প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, রংপুর; প্রশাসক, পৌরসভা(সকল), রংপুর বিভাগ; পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রংপুর; নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর ও সভাপতি, রংপুর প্রেসক্লাব।
০৩	নদীর স্বাভাবিক প্রবাহ পুনরুদ্ধার	নদীর জমি ব্যক্তির নামে রেকর্ড হয়ে থাকলে রেকর্ড সংশোধনের ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় প্রতি ০৩(তিন) মাসে জেলার ১টি করে নদী পরিষ্কারকরণের উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	ক) নদীর জমি ব্যক্তির নামে রেকর্ড হয়ে থাকলে তা রেকর্ড সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) প্রতি ০৩(তিন) মাসে জেলার ১টি করে নদী পরিষ্কার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ক) জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর; জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর/দিনাজপুর ও নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর। খ) জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর/নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর।

পরিশেষে উন্মুক্ত আলোচনায় সদস্যগণের মতামত/বক্তব্যের আহ্বান করা হয়। কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শহিদুল ইসলাম এনডিসি
বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ, রংপুর।

ফোন: ০২৫৮৮৮১২০০১ (অফিস)

ইমেইল:divcomrangpur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.০০০০.০০৮.১০.০০১১.২৪.

৫০৭(২৭)

তারিখঃ ২০ আশ্বিন, ১৪৩৩
০৫ অক্টোবর, ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, হোসাইন টাওয়ার(১২তলা), বীর প্রতীক গাজী গোলাম দত্তগীর রোড, ১১৬, নয়া পল্টন, ঢাকা
- ৩। উপ-মহা পুলিশ পরিদর্শক, রংপুর রেঞ্জ, রংপুর
- ৪। পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
- ৫। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
- ৬। জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর
- ৭। ড. তুহিন ওয়াদুদ, অধ্যাপক, বাংলা বিভাগ, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ও সমন্বয়ক চাকিরপশার সুরক্ষা কমিটি, রিভারাইন পিপল এবং গণকমিটি
- ৮। জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর/ দিনাজপুর
- ৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, রংপুর
- ১০। প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর বিভাগ, রংপুর
- ১১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর
- ১২। প্রশাসক, পৌরসভা (সকল), রংপুর বিভাগ, রংপুর
- ১৩। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর
- ১৪। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, রংপুর
- ১৫। সভাপতি, রংপুর প্রেসক্লাব, রংপুর
- ১৬। সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৭। অফিস কপি।

উত্তম কুমার দাশ
সিনিয়র সহকারী কমিশনার